# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৩৯১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. দ্বিতীয় অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

### আরবী

وَعَن سَمُرَةَ بْنِ جُنْدُبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «احْضُرُوا الذِّكْرَ وَادْنُوا مِنَ الْإِمَامِ فَإِنَّ الرَّجُلَ لَا يَزَالُ يَتَبَاعَدُ حَتَّى يُؤَخَّرَ فِي الْجَنَّة وَإِن دَخلهَا» . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১৩৯১-[১১] সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা জুমু’আর দিন খুতবার সময় উপস্থিত থাকবে এবং ইমামের কাছাকাছি বসবে। কারণ কোন ব্যক্তি পেছনে থাকতে থাকতে (অর্থাৎ প্রথম সারিতে না গিয়ে পেছনের সারিতে থাকে) অবশেষে জান্নাতে প্রবেশেও পেছনে পড়ে যাবে। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১১০৮, আহমাদ ২০১১৯, মুসতাদরাক লিল হাকিম ১০৬৮, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৯২৯, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ৩৬৫, সহীহুল জামি‘ ২০০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: শাওকানী (রহঃ) বলেন, জুমু‘আর দিনে ইমাম থেকে দূরে থাকাই জান্নাতে প্রবেশে বিলম্বের কারণ, আল্লাহ সুবহানাহূ ওয়া তা‘আলা জান্নাতে প্রবেশের ক্ষেত্রে আমাদেরকে অগ্রগামী করেছেন হাদীসটি মুনযির (রহঃ) আত্ তারগিবের প্রথম খন্ডের ২২১ পৃষ্ঠায় উল্লেখ করেছেন, তিনি বলেনঃ সামুরাহ্ (রাঃ) হতে বর্ণিত রয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা জুমু‘আয় উপস্থিত হও ও ইমামের নিকটবর্তী হও। কেননা নিশ্চয় ব্যক্তি জান্নাতী হবে, জুমু‘আতে পিছে পড়ায় সে জান্নাতেও পিছে পড়বে (অর্থাৎ পরে প্রবেশ করবে।) যদিও সে জান্নাতের অধিবাসী হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55951

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন